




## ব্যক্তিগত সাফল্যের বাইরে সমাজসেবার তাগিদ রাবির সমাবর্তনে শিক্ষা উপদেষ্টা



সংগৃহীত ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দ্বাদশ সমাবর্তনে শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার বলেছেন, শিক্ষা কেবল ব্যক্তিগত সাফল্যের জন্য নয়—সমাজ ও রাষ্ট্রের কল্যাণে নিজে থেকে উৎসর্গ করাই এর প্রকৃত উদ্দেশ্য। তিনি দুর্নীতিবিরোধী অবস্থান, ন্যায়বোধ ও নৈতিকতার চর্চার ওপর জোর দেন।

বুধবার (১৭ ডিসেম্বর) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দ্বাদশ সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার বলেন, জ্ঞান মানুষকে শুধু দক্ষ করে না, বরং দায়িত্বশীল নাগরিক হিসেবেও গড়ে তোলে। সত্য ও ন্যায়ের পক্ষে দাঁড়ানো, অন্যায়ের বিরুদ্ধে কথা বলা এবং ন্যায্যতাকে গুরুত্ব দেওয়ার আহ্বান জানান তিনি।

তিনি বলেন, জুলাই আন্দোলনের যোদ্ধারা ন্যায় ও সাহসের যে দৃষ্টান্ত রেখে গেছেন, তা নতুন প্রজন্মের জন্য অনুকরণীয়। পাশাপাশি সমাজের ক্ষুদ্র নৃগোষ্ঠীসহ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নে শিক্ষিতদের ভূমিকা রাখার প্রয়োজনীয়তার কথাও উল্লেখ করেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে শিক্ষা উপদেষ্টা বলেন, রাবি শুধু পাঠদানের প্রতিষ্ঠান নয়; এটি নৈতিকতা ও মানবিক মূল্যবোধ গড়ে তোলার কেন্দ্র। শহীদ শামসুজ্জোহা ও চিন্তাবিদ বদর উদ্দিন ওমরের মতো ব্যক্তিত্বরা এই বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যকে উজ্জ্বল করেছেন।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. সালেহ হাসান নকীব শিক্ষার্থীদের অর্জিত জ্ঞান ও দক্ষতা দেশের কল্যাণে কাজে লাগানোর আহ্বান জানান।

প্রায় ছয় বছর পর অনুষ্ঠিত এই সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ৬০, ৬১ ও ৬২তম ব্যাচের মোট ৫ হাজার ৯৬৯ জন শিক্ষার্থী অংশ নেন। সকাল থেকেই শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকদের উপস্থিতিতে ক্যাম্পাসে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়।